# বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন

৬৩ নিউ ইস্কাটন, ঢাকা।

## বিয়াম ফাউন্ডেশন পরিচালনা বোর্ডের ৭৩তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **জনাব কবির বিন আনোয়ার**<br>সভাপতি, বিয়াম ফাউন্ডেশন পরিচালনা বোর্ড<br>ও<br>মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ |
| সভার স্থান/মাধ্যম | : | মাল্টিপারপাস হল, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা |
| তারিখ ও সময় | : | ২২.১২.২০২২ খ্রি., সন্ধ্যা ০৬:৩০ ঘটিকা |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' তালিকা |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বক্তব্যের শুরুতে সভাপতি স্বাধীনতার স্বপ্নদ্রষ্টা ও স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং জাতীয় চার নেতা ও মুক্তিযুদ্ধে সর্বোচ্চ ত্যাগ স্বীকারকারী বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনাদের সশ্রদ্ধচিত্তে স্মরণ করেন। পাশাপাশি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি বিনম্র শ্রদ্ধা ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন ও পরিচালনা বোর্ডের সদস্য-সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপনের আহবান জানান। মহাপরিচালক, পরিচালনা বোর্ডের মাননীয় সভাপতিসহ সম্মানিত সকল সদস্যকে সময় দেয়ার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

| | |
|---|---|
| আলোচ্যসূচি-১.০ | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ :** |
| | **আলোচনা :** বোর্ডের সদস্য সচিব ও মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন সভায় অবহিত করেন যে, গত ২৭.০৯.২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিয়াম ফাউন্ডেশন পরিচালনা বোর্ডের ৭২তম সভার কার্যবিবরণী ইতোমধ্যেই সকল সম্মানিত সদস্য বরাবর প্রেরণ করা হয়েছে এবং এ সভায়ও উপস্থাপন করা হয়েছে। কোন সংশোধনী না থাকলে কার্যবিবরণী নিশ্চিত করা যেতে পারে। |
| সিদ্ধান্ত : | কোনোরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় ৭২তম বোর্ড সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। |
| আলোচ্যসূচি-২.০ | **৭২তম বোর্ড সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ** |
| | **আলোচনা :** মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন ৭২তম সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। অগ্রগতি প্রতিবেদনের উপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ |
| | **২.১ বিয়াম ফাউন্ডেশন, ঢাকা এর জন্য ২৫.৫৭ কোটি টাকার আইসিটি সরঞ্জামাদি খাতে বরাদ্দ প্রদানঃ** |
| | **আলোচনা:** বাংলাদেশ সরকারের নিরাপদ ই-মেইল ও ডিজিটাল লিটারেসি সেন্টার স্থাপন' শীর্ষক প্রকল্পের মাধ্যমে স্থাপিত ডাটা সেন্টার উদ্বোধনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় সদয় সম্মতি জ্ঞাপন করেছেন এবং মহান বিজয় দিবসের পরে সুবিধাজনক সময়ে তারিখ নির্ধারণ করা হবে মর্মে জানানো হয়েছে। |

| | |
|---|---|
| | **সিদ্ধান্ত :** বাংলাদেশ সরকারের নিরাপদ ই-মেইল ও ডিজিটাল লিটারেসি সেন্টার স্থাপন' শীর্ষক প্রকল্পের মাধ্যমে স্থাপিত ডাটা সেন্টার জানুয়ারি/২০২৩ এর মাঝামাঝি সময়ে উদ্বোধনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | |
| | **২.২ বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারে স্টাফ কোয়ার্টার এবং পরিচালকের বাসভবন নির্মাণ সংক্রান্ত।** |
| | |
| | **আলোচনা:** বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারে স্টাফ কোয়ার্টার এবং পরিচালকের বাসভবন নির্মাণের লক্ষ্যে মাস্টার প্লান বিষয়ে সদস্য-সচিব জানান যে, মাস্টার প্লান এর কাজ সম্পাদনের জন্য ইতোমধ্যে বিয়াম কক্সবাজার হতে ঢাকা বিয়ামে পত্র প্রদান করা হয়েছে। উল্লিখিত কাজে ডিজিটাল সার্ভে সম্পন্ন হয়েছে। ফাউন্ডেশনের জায়গায় কত উচ্চতা পর্যন্ত ভবন নির্মাণ করা যাবে তার অনুমতি চেয়ে CAAB বরাবর পত্র প্রেরন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয় এর সাথে উল্লিখিত কাজের বিষয়ে মৌখিক ভাবে আলাপ করা হলে তারা কাজটি করতে আগ্রহী মর্মে জানান। এছাড়াও কক্সবাজারের জমি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পরিচালক, কক্সবাজার জানান, বিয়াম ফাউন্ডেশনের নামে লিজকৃত জমির দাগ নম্বর ভুলভাবে লিপিবদ্ধ হয়েছে বলে কক্সবাজার সদর ভূমি অফিস থেকে জানা যায়। এ বিষয়ে বিশদ আলোচনা হয় এবং সহকারী কমিশনার (ভূমি) এর সাথে আলোচনা করে জমির দাগ নম্বরে কোন ভুল থাকলে তা অবিলম্বে সংশোধন করতে হবে মর্মে সভায় অভিমত প্রকাশ করা হয়। |
| | |
| | **সিদ্ধান্ত :** ক) কক্সবাজার ফাউন্ডেশনের জায়গায় কত উচ্চতা পর্যন্ত ভবন নির্মাণ করা যাবে তা দ্রুত অবহিত হয়ে চুয়েট বা অন্য কোন সংস্থা কর্তৃক উপযুক্ত একটি মাস্টার প্লান করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) কক্সবাজারে প্রাপ্ত জমির বিষয়ে জেলা প্রশাসনের সাথে আলোচনা করে প্রয়োজন অনুযায়ী জমির দাগ নম্বরে কোন ভুল থাকলে তা অবিলম্বে সংশোধন করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | |
| আলোচ্যসূচি-৩.০ | **বিয়াম ফাউন্ডেশন, ঢাকা এবং আঞ্চলিক কেন্দ্র, বগুড়া ও কক্সবাজার এর সেপ্টেম্বর/২০২২ হতে নভেম্বর/২০২২ মাস পর্যন্ত আয় ও ব্যয় অনুমোদন;** |
| | |
| | **আলোচনা :** মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা এবং বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া ও কক্সবাজারের সেপ্টেম্বর/২০২২ হতে নভেম্বর/২০২২ মাস পর্যন্ত আয়-ব্যয় সভায় উপস্থাপন করেন যার বিবরণ নিম্নরূপঃ |

**৩.১ বিয়াম ফাউন্ডেশন, ঢাকা'র আয় ও ব্যয় বিবরণীঃ**

| সময়কাল | মোট আয় | মোট ব্যয় | উদ্বৃত্ত |
|---|---|---|---|
| সেপ্টেম্বর/২০২২ হতে নভেম্বর/২০২২ পর্যন্ত | ৩,০৪,৮৯,৬০৩.৫০ | ৯৬,৯৫,৬২৩.৩৮ | ২,০৭,৯৩,৯৮০.১২ |

**৩.২ বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া'র আয় ও ব্যয় বিবরণীঃ**

| সময়কাল | মোট আয় | মোট ব্যয় | উদ্বৃত্ত |
|---|---|---|---|
| সেপ্টেম্বর/২০২২ হতে নভেম্বর/২০২২ পর্যন্ত | ৭৬,৮৭,৯৮০.০০ | ৩২,৯৮,৫০৭.২৮ | ৪৩,৮৯,৪৭২.৭২ |

| | |
|---|---|
| | **৩.৩ বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজার আয় ও ব্যয় বিবরণীঃ** |

| সময়কাল | মোট আয় | মোট ব্যয় | উদ্বৃত্ত |
|---|---|---|---|
| সেপ্টেম্বর/২০২২ হতে নভেম্বর/২০২২ পর্যন্ত | ১,১৪,০২,৩৯৮.০০ | ৫৩,৫১,৭৭৮.৬৮ | ৬০,৫০,৬১৯.৩২ |

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : বিয়াম ফাউন্ডেশন, ঢাকা এবং আঞ্চলিক কেন্দ্র, বগুড়া ও কক্সবাজার এর উপস্থাপিত আয় ও ব্যয় অনুমোদন করা হলো।

আলোচ্যসূচি-৪.০ **বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশন (বাসা) এর কল্যাণ তহবিলে বিয়াম কর্তৃক অর্থ প্রদান বিষয়ক আলোচনা;**

**আলোচনা :** সভাপতি বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশন (বাসা) এর কল্যাণ তহবিলে বিয়াম কর্তৃক অর্থ প্রদান বিষয়টি এই সভায় নিষ্পত্তি করা প্রয়োজন মর্মে উল্লেখ করেন। এই বিষয়ে মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, গত ২৭/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত বিয়াম ফাউন্ডেশন পরিচালনা বোর্ডের ৭২তম সভায় বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশন (বাসা) এর কল্যাণ তহবিলে বিয়াম কর্তৃক অর্থ প্রদানের লক্ষ্যে সুপারিশ প্রণয়নের জন্য একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি নিম্নরূপ সুপারিশ প্রদান করেছে:-

ক) জমির মালিক হিসেবে বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশনকে প্রদানের জন্য মাসিক ৩,৯৬,০৪৮/- (তিন লক্ষ ছিয়ানব্বই হাজার আটচল্লিশ) টাকা ভাড়া নির্ধারণ করার সুপারিশ করা হয়।

খ) প্রতি ০৩ (তিন) বৎসর পরপর উভয় পক্ষ কর্তৃক আলোচনার মাধ্যমে ভাড়া পুনঃনির্ধারণ করা যেতে পারে মর্মে সুপারিশ করা হয়।

গ) নির্ধারিত ভাড়া চলতি ২০২২-২০২৩ অর্থবছর হতে কার্যকর করার সুপারিশ করা হয়।

এ পর্যায়ে সভাপতি কমিটির আহবায়ক-কে কিভাবে ভাড়া নির্ধারণ করা হয়েছে সে সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ করেন। জনাব মোঃ মোশারফ হোসেন, সাবেক রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি ও গঠিত কমিটির আহ্বায়ক ভাড়া নির্ধারণের বিষয়ে বিস্তারিত সভায় উপস্থাপন করেন। জনাব মোমিনুর রশিদ আমিন, রেক্টর (সচিব), বি.সি.এস. প্রশাসন একাডেমি- বিয়ামের লভ্যাংশের উপর অর্থ নির্ধারণ করার প্রস্তাব দেন। জনাব মোঃ আমিনুল ইসলাম খান, সিনিয়র সচিব, জন নিরাপত্তা বিভাগ, জনাব শরিফা খান, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও জনাব মোঃ মাহবুব হোসেন, সিনিয়র সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ জমির মালিকানা হিসাবে এ ভাড়া নির্ধারণ যুক্তিযুক্ত মর্মে মতামত প্রদান করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিয়ামের আলোচনায় এক প্রশ্নের জবাবে সভাপতি বিয়ামের আয় না হলে ভাড়ার বিষয়টি যে কোন সময় পুণরায় বিবেচনা করা হবে মর্মে মতামত রাখেন। এছাড়া এই বিষয়ে বিয়াম ও এসোসিয়েশনের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর করতে হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত নেয়া হয়।

| | |
|---|---|
| সিদ্ধান্ত : | সমঝোতা স্মারক স্বাক্ষরপূর্বক কমিটির সুপারিশের আলোকে জমির ভাড়া প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| আলোচ্যসূচি-৫.০ | **বিয়াম ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারি নিয়োগ সংক্রান্ত আলোচনা;** |

মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, বিয়াম ফাউন্ডেশন (ঢাকা, বগুড়া ও কক্সবাজার)-এ ২০৫ পদের বিপরীতে ৩২ ক্যাটাগরির মোট ৬৪ টি পদ শূন্য রয়েছে। তবে আর্থিক সংগতি বিবেচনায় অত্যাবশ্যকীয় ১১ টি পদের বিপরীতে ১২ জন কর্মচারী নিয়োগের সিদ্ধান্তের প্রেক্ষিতে বিজ্ঞপ্তি প্রদান করা হয়। প্রাপ্ত আবেদনের তথ্যাদি নিম্নরূপঃ

| প্রতিষ্ঠানের নাম | পদের নাম ও গ্রেড | পদের সংখ্যা | পদের বিপরীতে আবেদনের সংখ্যা |
|---|---|---|---|
| (ক) বিয়াম ফাউন্ডেশন, ঢাকা | ক্যান্টিন ম্যানেজার (গ্রেড-১০) | ০১ জন | ১৪টি |
| | কম্পিউটার অপারেটর (গ্রেড-১১/১৩) | ০২ জন | ২৪টি |
| | হিসাবরক্ষক (গ্রেড-১৪) | ০১ জন | ১৬টি |
| | হাউজকীপার (গ্রেড-১৬) | ০১ জন | ০১টি |
| | ক্যাশিয়ার (গ্রেড-১৪) | ০১ জন | - |
| | ক্লিনিং সুপারভাইজার (গ্রেড-১৬) | ০১ জন | ০৮টি |
| | ডাটা এন্ট্রি অপারেটর (গ্রেড-১৬) | ০১ জন | ২২টি |
| (খ) বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজার | কোর্স সমন্বয়ক (গ্রেড-০৯) | ০১ জন | ০৯টি |
| | হিসাব রক্ষক (গ্রেড-১৪) | ০১ জন | ০১টি |
| | কেয়ারটেকার(গ্রেড-১৩) | ০১ জন | ০৬টি |
| (গ) বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া | অফিস সহায়ক (গ্রেড-২০) | ০১ জন | ১৫টি |

এ বিষয়ে একটি মামলা হওয়ায় গত ০৪/০৭/২০২১ তারিখে ৬৬তম বোর্ড সভায় উক্ত নিয়োগ প্রক্রিয়া স্থগিত করা হয়। এক প্রশ্নের জবাবে মহাপরিচালক সভাকে জানান যে, কর্মচারীরা তাদের কিছু সুযোগ সুবিধা এবং প্রবিধানমালা গেজেটে প্রকাশের জন্য মামলা করেছেন। এতে চাকরিতে নিয়োগের বিষয়ে কিছু উল্লেখ নেই ও কোন স্থগিতাদেশ প্রদান করা হয়নি। তিনি আরও জানান যে, বিয়াম রেজুলিউশন, ২০০২ সংশোধনপূর্বক প্রস্তাবিত রেজুলিউশন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে; যা বর্তমানে জনপ্রশাসন মন্ত্রণালয়ে বিবেচনাধীন রয়েছে। বিয়াম ফাউন্ডেশনের কার্যপরিধি বৃদ্ধি পাওয়ায় অত্যাবশ্যকীয় এ সকল পদ পূরণ করা খুব জরুরী মর্মে সদস্য সচিব সভাকে অবহিত করেন।

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় ও অনুমোদিত জনবলের বিপরীতে শূন্য পদ পূরণের জন্য নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত নেয়া হয়।

| | |
|---|---|
| **সিদ্ধান্ত :** | বিধি-বিধান অনুসরণপূর্বক বিজ্ঞপ্তি/পুনঃবিজ্ঞপ্তি প্রদানপূর্বক বিয়ামের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | |
| আলোচ্যসূচি-৬.০ | বিবিধ। |
| | **ক) বিয়াম ফাউন্ডেশনের আওতায় প্রশিক্ষণ কেন্দ্র কাম ডরমেটরি ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের ডিজাইন অনুমোদন সংক্রান্ত;** |
| | |
| | **আলোচনা :** মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, বিয়াম ফাউন্ডেশনের আওতায় প্রশিক্ষণ কেন্দ্র কাম ডরমেটরি ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের ডিজাইন এবং সুপারভিশনের জন্য নিয়োগকৃত প্রতিষ্ঠান শেলটেক কন্সালটেন্ট লিমিটেড কর্তৃক প্রাথমিকভাবে ডিজাইনকৃত ভবনের নকশা অবলোকনে ও এ বিষয়ে পরামর্শ প্রদানের জন্য উপস্থাপন করেন। এছাড়া বিয়াম স্কুল ভবনের সামনের টিনশেড ভেঙ্গে উক্ত স্থানে ভবন নির্মাণ করা হবে মর্মে জানান। প্রকল্পের আর্থিক বিষয় বিবেচনা করে সুইমিং পুল অন্তর্ভুক্ত না করে উপরে একটি রূপ টপ রেস্টুরেন্ট করার জন্য PSC সভায় সিদ্ধান্ত হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। এ পর্যায়ে শেলটেক কন্সালটিং ফার্ম কর্তৃক প্রাথমিক ডিজাইন পাওয়ার পয়েন্ট এর মাধ্যমে সভায় উপস্থাপন করা হয় এবং ফ্লোর প্ল্যান প্রদর্শন করা হয়। এছাড়াও বিয়াম স্কুল ভবনের সামনের টিনশেড ভেঙ্গে বিয়াম সংলগ্ন হাতির ঝিলে প্রাপ্ত জমিতে স্থানান্তর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। |
| | |
| **সিদ্ধান্ত :** | ক) বিয়াম ফাউন্ডেশনের আওতায় প্রশিক্ষণ কেন্দ্র কাম ডরমিটরি ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের খসড়া ফ্লোর প্ল্যান আরো যাচাই-বাছাই এর সিদ্ধান্ত হয়।<br>খ) বিয়াম স্কুল ভবনের সামনের টিনশেড ভেঙ্গে বিয়াম সংলগ্ন হাতির ঝিলে প্রাপ্ত জমিতে স্থানান্তরের ব্যবস্থা নেয়া যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | |
| | **খ) বোর্ড কর্তৃক ০২ জন উপদেষ্টা মনোনয়ন;** |
| | |
| | **আলোচনা :** সদস্য সচিব সভায় প্রশাসন ক্যাডারের কর্মরত সচিব পর্যায়ের উপদেষ্টা জনাব মোঃ আখতার হোসেন, সিনিয়র সচিব, জন নিরাপত্তা বিভাগ অবসরে যাওয়ায় এবং জনাব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া, সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কর্যালয়, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব নিয়োগ হওয়ায় ০২ (দুই) জন উপদেষ্টা মনোনয়নের বিষয় বিবেচনার জন্য উপস্থাপন করেন। বিয়াম ফাউন্ডেশন রেজুলেশন, ২০০২ এর ১৪(১) এবং ১৪(২)নং অনুচ্ছেদে উল্লেখ রয়েছে "বোর্ড কর্তৃক মনোনীত ফাউন্ডেশনের নিম্নবর্ণিত ৫ (পাঁচ) জন উপদেষ্টা থাকিবেন, যথাঃ- (ক) প্রশাসন ক্যাডারের অবসরপ্রাপ্ত ২ (দুই) জন সচিব ; এবং (খ) প্রশাসন ক্যাডারের কর্মরত ৩ (তিন) জন সচিব।" এবং "উপদেষ্টাদের মেয়াদ হইবে তাহাদের মনোনয়নের তারিখ হইতে তিন বৎসর এবং তাহারা পুনঃ মনোনীত হইতে পারিবেন"। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং রাজউকের চেয়ারম্যান (সচিব) জনাব মোঃ আনিছুর রহমান মিঞা, পিএএ এবং সদ্য পদোন্নতি প্রাপ্ত জনাব ওয়াহিদা আক্তার, সচিব, কৃষি মন্ত্রণালয়কে বোর্ডের উপদেষ্টা মনোনয়নের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত হয়। |
| | |

| | |
|---|---|
| সিদ্ধান্ত : | বিয়াম ফাউন্ডেশন রেজুলেশন, ২০০২ এর ১৪(১)(খ) অনুসারে জনাব মোঃ আনিছুর রহমান মিঞা, পিএএ, চেয়ারম্যান (সচিব), রাজউক এবং জনাব ওয়াহিদা আক্তার, সচিব, কৃষি মন্ত্রণালয়-কে এই বোর্ডের উপদেষ্টা হিসাবে মনোনয়ন দেয়া হয়। |
| | |
| | **গ) এসোসিয়েশনের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সহিত পরামর্শক্রমে সভাপতি কর্তৃক বোর্ডের ০১ জন সদস্য মনোনয়ন;** |
| | **আলোচনা :** মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, সম্প্রতি বিয়াম ফাউন্ডেশন পরিচালনা বোর্ডের সদস্য ৬(ঙ)(আ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব পদমর্যাদার কর্মকর্তা জনাব কে এম আলী আজম (মনোনীত সদস্য) পি.আর.এল. এ যাওয়ায় উক্ত সদস্য পদটি শূন্য হয়েছে। বিয়াম রেজুলিউশন, ২০০২-এর ৬ (ঙ) অনুসারে এসোসিয়েশের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সহিত পরামর্শক্রমে সভাপতি কর্তৃক বর্ণিত সদস্য মনোনীত হইবেন। বাংলাদেশ অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস এসোসিয়েশন এর সভাপতি পদাধিকারবলে বিয়াম ফাউন্ডেশন পরিচালনা বোর্ডেরও সভাপতি হওয়ায় সদস্য মনোনয়নের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।<br><br>তিনি আরো জানান যে, বিয়াম রেজুলিউশন, ২০০২ অনুযায়ী সদস্য মনোনয়নের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অন্যুন যুগ্ম-সচিব পদ মর্যাদার একজন কর্মকর্তা মনোনীত করার বিধান রয়েছে। এ বিষয়ে সভাপতি বলেন, আগে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় মনোনীত ছিলেন। এরই ধারাবাহিকতায় বর্তমানে কর্মরত সিনিয়র সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়কে বোর্ডের সদস্য করার সর্বসম্মত সিদ্ধান্ত হয়। |
| | |
| সিদ্ধান্ত : | বিয়াম রেজুলিউশন, ২০০২-এর ৬ (ঙ) অনুসারে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী-কে সদস্য হিসাবে মনোনয়ন দেয়া হয়। |
| | |
| | **ঘ) বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারের বিদ্যমান ভবনসমূহের উর্ধ্বমুখী সম্প্রসারণ সংক্রান্ত;** |
| | **আলোচনাঃ** মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারের বিদ্যমান ভবনসমূহের উর্ধ্বমুখী সম্প্রসারণের জন্য ডিটেইল ইঞ্জিনিয়ারিং অ্যাসেসমেন্ট (DEA) করা প্রয়োজন। উক্ত কাজের জন্য প্রথমে বুয়েটকে অনুরোধ করা হলে এর জন্য ৩০ (ত্রিশ) লক্ষ টাকা প্রয়োজন হবে মর্মে মৌখিকভাবে জানায়। পরবর্তীতে এ কাজের জন্য চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে পত্র প্রেরণ করা হলে প্রথমে ১০ (দশ) লক্ষ টাকার প্রস্তাব করে। পরবর্তীতে নিগোসিয়েশন করা হলে ০৯ (নয়) লক্ষ টাকার পুন:প্রস্তাব প্রেরণ করেছে। এই অর্থ বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারের নিজস্ব তহবিল হতে ব্যয় করা হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনায় প্রস্তাবটি অনুমোদন করা হয়। |
| | |
| সিদ্ধান্ত : | বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারের বিদ্যমান ভবনসমূহের উর্ধ্বমুখী সম্প্রসারণের জন্য ডিটেইল ইঞ্জিনিয়ারিং অ্যাসেসমেন্ট (DEA) প্রস্তুতকরণের নিমিত্ত বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজার হতে ০৯ (নয়) লক্ষ টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদন দেয়া হলো। |

| | |
|---|---|
| | |
| | **ঙ) দেশের আকর্ষণীয় পর্যটন এলাকাসমূহে বিয়াম ফাউন্ডেশন কর্তৃক হোটেল/রিসোর্ট নির্মাণ ও পরিচালন;** |
| | **আলোচনাঃ** মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, বিয়াম ফাউন্ডেশনের আয় বৃদ্ধি, বিসিএস প্রশাসন ক্যাডারের বর্তমান/সাবেক কর্মকর্তাদের ভ্রমণকালীন সুবিধা প্রদানের উদ্দেশ্যে কক্সবাজার, সেন্টমার্টিন, সাজেক, রাঙ্গামাটি, মৌলভীবাজার, কুয়াকাটা, থানচিসহ অন্যান্য এলাকাসমূহে হোটেল/রিসোর্ট নির্মাণ ও পরিচালনা করা যেতে পারে। তিনি প্রস্তাবটি নিম্নে উল্লেখিত পদ্ধতিতে বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন:-<br>• সরকার হতে জমি বন্দোবস্ত গ্রহণ/ক্রয়/দানের মাধ্যমে জমি সংগ্রহ;<br>• বিয়ামের নিজস্ব অর্থায়নে/অনুদানের মাধ্যমে স্থাপনা নির্মাণ;<br>• ব্যবস্থাপনা চুক্তির আওতায় তৃতীয় পক্ষের মাধ্যমে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ;<br>• স্থানীয় জেলা প্রশাসনের মাধ্যমে ২৫% কক্ষ প্রশাসন ক্যাডারের কর্মকর্তা/পরিবারের জন্য হ্রাসকৃত মূল্যে সংরক্ষণ।<br>সদস্য সচিব সভাকে জানান যে, এ বিষয়ে নীতিগত অনুমোদন পাওয়া গেলে তা বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ ও ব্যয় করা হবে। এ প্রসঙ্গে সভাপতি বলেন, পর্যটন কেন্দ্রে বিয়ামের রিসোর্ট তৈরির মাধ্যমে আয় বৃদ্ধি কার্যক্রম ভাল উদ্যোগ। এতে প্রশাসন ক্যাডারের সাবেক ও বর্তমান কর্মকর্তাদের সুযোগ সুবিধা বিবেচনায় রাখতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। |
| **সিদ্ধান্ত :** | বিয়াম ফাউন্ডেশনের আয় বৃদ্ধি, বিসিএস প্রশাসন ক্যাডারের বর্তমান/সাবেক কর্মকর্তাদের পর্যটন এলাকায় ভ্রমণকালীন সুবিধা প্রদানের উদ্দেশ্যে কক্সবাজার, সেন্টমার্টিন, সাজেক, রাঙ্গামাটি, মৌলভীবাজার, কুয়াকাটা, থানচিসহ অন্যান্য এলাকাসমূহে হোটেল/রিসোর্ট নির্মাণ ও পরিচালনার নিমিত্ত উদ্যোগ ও এর আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য নীতিগত সম্মতি প্রদান করা হয়। |
| | |
| | **চ) মাল্টিপারপাস ব্যবহার তথা বিয়ামের আয় কমে যাওয়া সংক্রান্ত আলোচনা;** |
| | **আলোচনাঃ** মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, বিয়াম ফাউন্ডেশনের মাল্টিপারপাস হল বিয়ে, জন্মদিনসহ সামাজিক অনুষ্ঠানের জন্য এক সময় ভাড়া দেয়া হতো। কিন্তু ৩৯তম বোর্ড সভায় কিছু সুনির্দিষ্ট কারণে আলোচনা ৭.(গ) এর সিদ্ধান্ত মোতাবেক এটি স্থগিত করে দেয়া হয়। কোভিড ১৯ এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে আর্থিক সাশ্রয়ের ব্যবস্থা নেওয়ার কারণে প্রশিক্ষণ এবং সাধারণ অনুষ্ঠানসমূহ হ্রাস পাওয়ায় বিয়ামের আয় কমে যাবার উপক্রম হয়েছে। বর্ণিত অবস্থাতে, বিয়ামের মাল্টিপারপাস হল ভাড়া প্রদানের মাধ্যমে আয় বৃদ্ধির লক্ষ্যে (সর্বোচ্চ ৪০০ অতিথি সম্বলিত এবং সকাল ১০:০০ হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত ও বিকাল ৫:০০ টা হতে রাত ১১:০০টা পর্যন্ত) প্রশাসনসহ বিসিএস ক্যাডারের কর্মকর্তা ও তাদের সন্তানের বিয়ে, জন্মদিন ও গায়ে হলুদ অনুষ্ঠানের আয়োজনের অনুমোদন দিয়ে এই ফাউন্ডেশনে আয় বৃদ্ধির প্রস্তাব করা হয়। এক্ষেত্রে বিসিএস প্রশাসন ক্যাডার ও অন্যান্য ক্যাডারের কর্মকর্তাদের নিম্নোক্ত হারে ভাড়া নির্ধারণ করা যেতে পারে মর্মে প্রস্তাব করা হয়। |

| ক্রমিক নং | ধরণ | ভাড়ার হার (অর্ধ দিবসে) |
|---|---|---|
| ১। | প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের জন্য | ২৫,০০০/- |
| ২। | অন্যান্য ক্যাডারের কর্মকর্তাদের জন্য | ৫০,০০০/- |
| ৩। | পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ (প্রশাসন ক্যাডার) | ৫,০০০/- |
| ৪। | পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ (অন্যান্য ক্যাডার) | ১০,০০০/- |

* হলের থালা/বাসন, অন্যান্য ও সার্ভিস বাবদ ১০% সার্ভিস চার্জ প্রযোজ্য হবে এবং এর মধ্যে ৫% সার্ভিস চার্জ বিয়ামের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর মধ্যে বিভাজন করে প্রদান করা হবে।

* সরকারি নির্ধারিত হারে ভ্যাট প্রদান করতে হবে।

এ প্রসঙ্গে সভাপতি বলেন যে, এ বিষয়ে আরো পরীক্ষা-নিরীক্ষা করার প্রয়োজন রয়েছে। তিনি সিনিয়র কর্মকর্তাদের নিয়ে পর্যালোচনার জন্য নিম্নরূপভাবে একটি কমিটি গঠনের প্রস্তাব করেন-
(১) জনাব মোঃ মোশারফ হোসেন, সাবেক রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি- আহ্বায়ক, (২) জনাব মোহাম্মদ জয়নুল বারী, সচিব (পিআরএল ভোগরত), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়- সদস্য, (৩) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান পিএএ, সচিব, ভূমি মন্ত্রণালয়- সদস্য এবং (৪) পরিচালক (প্রশিক্ষণ), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা- সদস্য।

**সিদ্ধান্ত :** বিয়াম ফাউন্ডেশনের মাল্টিপারপাস হলে বিয়ে, জন্মদিনসহ সামাজিক অনুষ্ঠান এর বিষয়টি পর্যালোচনার জন্য নিম্নরূপভাবে কমিটি গঠন করা হয়ঃ
(১) জনাব মোঃ মোশারফ হোসেন, সাবেক রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি- আহ্বায়ক, (২) জনাব মোহাম্মদ জয়নুল বারী, সচিব (পিআরএল ভোগরত), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়- সদস্য, (৩) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান পিএএ, সচিব, ভূমি মন্ত্রণালয়- সদস্য এবং (৪) পরিচালক (প্রশিক্ষণ), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা- সদস্য।
কমিটি সার্বিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক যতদ্রুত সম্ভব একটি প্রতিবেদন দাখিল করবেন।

**ছ) বার্তাবাহকের যাতায়তের জন্য মোটরবাইক ক্রয় সংক্রান্ত আলোচনা;**

**আলোচনাঃ** মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, বিয়াম ফাউন্ডেশন হতে প্রতিনিয়ত বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তরে বার্তাবাহকের মাধ্যমে চিঠি প্রেরণ করা হয়ে থাকে। যাতায়াতের জন্য তার কোন বাহন নেই। ফলে বাস ও রিক্সা ব্যবহার করে পত্র বিতরণ করা হয়; এতে অনেক সময় নষ্ট হয়। এ জন্য একটি মোটর বাইক ক্রয়ের প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে অনুমোদন দেওয়া হয়।

**সিদ্ধান্ত :** বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় বার্তাবাহকের মাধ্যমে চিঠি প্রেরণ ও বিতরণের জন্য একটি মটর বাইক ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে প্রাণবন্ত আলোচনায় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল্লাহ আল হাসান চৌধুরী)
সদস্য-সচিব, বিয়াম ফাউন্ডেশন পরিচালনা বোর্ড
ও
মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন

(কবির বিন আনোয়ার)
সভাপতি, বিয়াম ফাউন্ডেশন পরিচালনা বোর্ড
ও
মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নং- ০৫.০৫.০০০০.০০২.০৬.০১৫.২২.১৫৪৪(২৪), তারিখঃ ১৯ .১২.২০২২খ্রি.

<u>সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ও সভাপতি, বিয়াম ফাউন্ডেশন পরিচালনা বোর্ড।
২. জনাব.........................................................., সদস্য (সকল), বিয়াম ফাউন্ডেশন পরিচালনা বোর্ড।
৩. জনাব .........................................................., উপদেষ্টা (সকল), বিয়াম ফাউন্ডেশন পরিচালনা বোর্ড।
৪. পরিচালক (সকল), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
৫. পরিচালক, বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া/ কক্সবাজার।
৬. অফিস কপি।

(মোঃ আবদুল্লাহ আল হাসান চৌধুরী)
সদস্য-সচিব, বিয়াম ফাউন্ডেশন পরিচালনা বোর্ড
ও
মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন